সমকাল

তারিখ · 16 MAR 2016 ······
পৃষ্ঠা ··· ৪ ··· কলাম ··· ২ ······

# সৃজনশীল মেধা অন্বেষণ জাতীয় প্রতিযোগিতা শুরু

■ সমকাল প্রতিবেদক

স্কুল ও কলেজ শিক্ষার্থীদের মধ্যে গতকাল মঙ্গলবার শুরু হয়েছে 'সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৬' জাতীয় প্রতিযোগিতা। শিক্ষা মন্ত্রণালয় সারাদেশে এ প্রতিযোগিতার আয়োজন করেছে। তিনটি গ্রুপে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী এবং সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণে উপজেলা পর্যায়ে গতকাল থেকে ১৯ মার্চ পর্যন্ত, জেলা পর্যায়ে ২২ মার্চ, ঢাকা মহানগরে ২৩ মার্চ, বিভাগ পর্যায়ে ২৪ মার্চ এবং জাতীয় পর্যায়ে ৩১ মার্চ এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষে গতকাল সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শোভাযাত্রা উদ্বোধন করেন। শিক্ষামন্ত্রীর নেতৃত্বে বিশাল শোভাযাত্রা টিএসসি হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়।

শোভাযাত্রায় অন্যান্যের মধ্যে শিক্ষা সচিব সোহরাব হোসাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ফাহিমা খাতুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আখতারুজ্জামান, সৃজনশীল মেধা অন্বেষণের প্রচার কমিটির প্রধান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ এস মাহমুদসহ বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থী, শিক্ষকরা অংশ নেন।

**গার্হস্থ্য অর্থনীতি কলেজে পুরস্কার বিতরণ :** রাজধানীর আজিমপুরে গার্হস্থ্য অর্থনীতি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ উপলক্ষে মঙ্গলবার অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষামন্ত্রী অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। কলেজ অধ্যক্ষ প্রফেসর শামসুন নাহার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।